ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১৯/২০১৬/১৫৯৩২

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩ / ১৫ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ খুলনা, উপজেলাঃ সোনাডাঙ্গা, জেলাঃ খুলনা -এর কামিল (স্নাতকোত্তর) তাফসির বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৭.০১.২০২৬ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্রাসাটির কামিল (স্নাতকোত্তর) তাফসির বিভাগের নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৬ থেকে ২৬.০৪.২০৩০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো ঃ

শর্তসমূহ ঃ

১. সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে মাদরাসার প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে ফাজিল ও কামিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে। একই সাথে প্রতিটি শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করতে হবে;
২. আরবি ভাষা, ব্যাকরণ ও বিশুদ্ধ ভাবে পবিত্র কুরআন তিলাওয়াত এবং আরবি কথন, লিখন, শ্রবন ও বুঝার ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে দক্ষ করার বিষয়ে আরো জোর দিতে হবে। একই সাথে ইংরেজি ভাষা শিক্ষার প্রতিও শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ করতে হবে;
৩. মাদরাসায় সিসি টিভি এবং ডিজিটাল স্বাক্ষর মেশিন স্থাপন করে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। মাদরাসার শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের ডিজিটাল মেশিনে স্বাক্ষর এবং উপস্থিতি নিশ্চিত করতে হবে;
৪. মাদরাসার সকল জমির খারিজ/নামজারি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সম্পন্ন করে খারিজের কপি ও খাজনা পরিশোধের হালনাগাদ কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে;
৫. মাদরাসার শিক্ষক ও কর্মচারীদের সরকারি/স্ব-উদ্যোগে/ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৬. গ্রন্থাগারে প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে ১০০টি করে তথ্য-প্রযুক্তি ও রেফারেন্স গ্রন্থ ক্রয় সংগ্রহ করতে হবে
৭. দৈনন্দিন শিক্ষক/শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহার নিশ্চিত করতে হবে;
৮. মাদরাসার যাবতীয় আয়-ব্যয় সরকারি বিধি-বিধান অনুযায়ী অবশ্যই পরিপালন করতে হবে;
৯. মাদরাসার যাবতীয় আয়-ব্যয় নিম্নোক্ত উপ-কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে; (ক) অর্থ ও ক্রয় উপ-কমিটি, (খ) অভ্যন্তরীণ অডিট উপ-কমিটি, (গ) উন্নয়ন উপ-কমিটি, (ঘ) বেতন ও ফি আদায় উপ-কমিটি, (ঙ) শিখন অর্জন মূল্যায়ন উপ-কমিটি;
১০. মাদরাসায় নিম্নলিখিত রেজিস্টারসমূহ অবশ্যই রাখতে হবে এবং সে অনুযায়ী মাদরাসা অফিস পরিচালনা করতে হবে; (ক) সাধারণ ক্যাশ বহি; (খ) সাবসিডিয়ারী তহবিল রেজিস্টার; (গ) স্টক রেজিস্টার; (ঘ) ভর্তি বহি; (ঙ) শিক্ষক এবং কর্মচারী হাজিরা খাতা; (চ) ছুটি রেজিস্টার; (ছ) শিক্ষার্থী হাজিরা খাতা; (জ) বেতন প্রদান বহি: (ঝ) ছাত্র বৃত্তি প্রদান বহি; (ঞ) শিক্ষার্থী বেতন আদায় বহি; (ট) শিক্ষার্থী বদলীপত্র রেজিস্ট্রার; (ঠ) পরীক্ষার ফলাফল বহি; (ড) পরিদর্শন বহিঃ (ঢ) নোটিশ বহি; (ণ) পরিচালনা কমিটির সভার কার্যাবলী বহিঃ (ত) চেক বহি রেজিস্টার; (থ) স্থায়ী সম্পদের রেজিস্টার; (দ) শিক্ষক/কর্মচারীর ব্যক্তিগত ফাইল; (ন) অন্যান্য রেজিস্টারসমূহ।
১১. অধিভূক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

১৫/১০/২৬
(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদরাসা
ডাকঘরঃ খুলনা, উপজেলাঃ সোনাডাঙ্গা, জেলাঃ খুলনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১৯/২০১৬/১৫৯৩২ (৭)

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩ / ১৫ অক্টোবর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ খুলনা, উপজেলাঃ সোনাডাঙ্গা, জেলাঃ খুলনা।
৭. অফিস নথি।

15/10/26
(ছায়েদ আহাম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২